Training Manual
On
Rules & Regulations for Organizational Management

Duration: 5 days

National Agriculture Training Academy (NATA)

Gazipur-1701

www.nata.gov.bd

Training Manual on Rules & Regulations for ganizational Management

Overall guidance : Dr. M. A. Salam
Director General (In charge)
and
Director (Admin)

Supervision : Dr. Abu Sayeed Miah
Director (Training)

Prepared by :
1. Md.Jamal Uddin
   DD (Entomology)
2. Sharmin Akhter
   Senior Assistant Director (Horticuture Crop Pest)
   NATA, Gazipur
3. Md. Shahinul Islam
   Senior Assistant Director (Field Crop Pest)
   NATA, Gazipur

Published by: National Agriculture Training Academy (NATA), Gazipur
Phone: +880-2-49263298
e-mail: dgnata14@gmail.com
www.nata.gov.bd

June 2019

Preface

The authors humbly express his endless regards, profound gratitude and sincere homage to the Omniscient and Almighty Allah for His never-ending grace and blessings for the successful completion of the Training Manual.

National Agriculture Training Academy (NATA) is the apex training academy under Ministry of Agriculture. NATA is conduction training on different topics in collaboration with sixteen organizations under the MoA. Civil case, SDG SDG, NIS, APA. RTI are crucial demand for different organizations now a day. Many officers have inadequate knowledge about Civil case. For this reason NATA designed to meet the special needs of the officials. As a result participants will equip with intellectual inputs and developing their skills.

The objective of the course is to improve participant's knowledge and skills on Civil case, SDG SDG, NIS, APA. RTI in day to day works.

The authors wishes to express deepest sense of gratitude, immense indebtedness and sincere appreciation to DG, NATA and Director (Training) for their scholastic guidance, valuable suggestions and criticism, continuous inspiration and constant encouragement throughout the entire period of work and help in the preparation of the training manual on Civil case, SDG SDG, NIS, APA. RTI . We believe this manual will guide the interested stakeholders to track their training needs.

The Authors

Contents

Sl. No.	Subject	Page
1	Preface	8
2	**Part-I**	9
3	Introduction to NATA	11
4	**Part-II**	16
5	Rationale of the Manual	16
6	Summary of the manual	16
7	**Module-1: Civil Case**	17
8	Lesson-1: Different type of civil cases/Suits in different courts and various stages of a case/Suit.	18
9	Lesson-2: Procedure for institution of civil cases/Suits	23
10	Lesson-3: Timing of appeal in different court and filing system of appeal	32
11	Lesson-4: Discussion on procedure of filing cases/appeals before the Administrative Tribunal (AT) and Administrative Appellate Tribunal (AAT). Detail discussion on writ petitions	33
12	Lesson-5: Civil petition for leave to appeal and procedure of filing civil appeal	35
13	Lesson-6: Essential documents for review petition and its procedure	37
14	Lesson-7: Drafting of written statements containing Para wise reply of the plaint and Memorandum of appeal and its valuation	40
15	Lesson-8: Analysis to implement the SC Ruling 17BLC (AD) 91 and 18 MLR (AD) 372 for transfer project personnel to revenue head.	45
16	Lesson-9: Preparation of written statements containing para wise reply of plaint and transmission thereof	46
17	Lesson-10: Steps to be taken by the Government in cases filed in different civil courts	48
18	**Module-2: Different types of law**	54
19	Lesson-11: Pesticide regulation	55
20	Lesson-12: Fertilizer management/control Act	56
21	Lesson-13: National seed policy and seed act	57
22	Lesson-14: Cases, Trial and penalties for violation of the fertilizer, Seeds and pesticide acts	65

Contents

Sl. No.	Subject	Page
23	Lesson-15: Role of the public servants in preserving/protection of Government land/ properties	66
24	Lesson-16: Land law (Land Reforms Ordinance, 1984;Transfer of property Act, 1882; Muslim law; Hindu Law etc.	67
25	Lesson-17: National Agriculture Policy	68
26	**Module-3: Contemporary issues**	69
27	Lesson-18: Introduction to SDGs : Global & Bangladesh Perspectives	70
28	Lesson-19: Roles of MoA and its Organizations/Institutes achieving SDGs: Opportunities and challenges	71
29	Lesson-20: Rules of making Annual Performance Agreement (APA)	91
30	Lesson-21: Practice session on reporting APA	105
31	Lesson-22: Right to Information Act (RTI) and its implementation	106
32	Lesson-23: Procedure of getting information under the right to information.	114
33	Lesson-24: Right to Information (RTI) and its protection acts	115
34	Lesson-25: Planning of national integrity strategy (NIS)	122
35	Lesson-26: Implementation of national integrity strategy	123
36	**Appendix-I:**	129

Part-I

Introduction to National Agriculture Training Academy (NATA)

1 The Academy

National Agriculture Training Academy (NATA) is the apex training institute for human resource development of officers (grade-9 and above) under the Ministry of Agriculture (MoA) for providing training on diversified fields of professional interest in agriculture sector. The Academy organizes various training programmes related to agriculture throughout the year. The academy is established in Gazipur as Central Extension Resources Development Institute (CERDI) on 14 March 1975 with the financial assistance of Japan International Cooperation Agency (JICA). Afterwards, on 27 June 1984, CERDI was undertaken to the Training Wing of Department of Agricultural Extension (DAE). On 03 April 2013, Government of the People's Republic of Bangladesh abolished CERDI and established NATA as an independent organization of MoA and on 07 June 2014, NATA has been started as a training academy.

Initially, the Academy started its functions with only 10 faculty members. Though Government approved strength is 184, at present NATA has 74 staff members including 29 faculty members.

1.2 Location

The Academy is 25 km away from Dhaka city and 3 km away from *Joydevpur Chandana Chowrasta* towards Gazipur district head quarter. It is located adjacent to Bangladesh Rice Research Institute (BRRI) and occupied 49 acres of land. The academy provides the trainees an ample scope to have free access to the adjacent institutions like Bangladesh Agriculture Research Institute (BARI), Bangladesh Rice Research Institute (BRRI), Seed Certification Agency (SCA), Bangabondhu Sheikh Mujibur Rahman Agricultural University (BSMRAU), Telecommunication College, and other government offices in Gazipur.

1.3 Vision

National Agriculture Training Academy becomes a center of excellence for developing competent human resources in agriculture sector.

1.4 Mission

We are pledged to achieve the shared vision through:

i. Develop human resource of all organizations under MoA by imparting quality training, research and development and publications;
ii. Enhance linkage between education, research and extension to endow agriculture service delivery system;
iii. Network with reputed institution of home and abroad for organizational capacity building; and
iv. Foster a culture of continuous learning for development of knowledge-intensive agriculture service.

1.5. Functions

The NATA has been entrusted to perform the following functions:

i. Human resource development of the government, semi-government, autonomous organization under MoA through training of modern and sustainable agriculture technology;
ii. Transfer modern and sustainable agriculture technology developed by the research organizations for the development of socio-economic conditions of farmers;
iii. Conduct demonstration, adaptive research and research of proven technologies;
iv. Impart all sorts of in-service training with special emphasis on induction, foundation and senior staff course;
v. Exchange publications, participants and resource persons in seminars, workshops, conferences and training among the stakeholders;
vi. Advice government and other organizations on training, achieving food and nutrition security, ICT, transfer of agriculture technology, agro-based industries and conservation environments etc.;
vii. Help government and policy makers in framing and analyzing agricultural policies;
viii. Conduct different training activities of academy in consonance with provision of the public administration training policy 2003; and
ix. Perform all kinds of duties directed by the government.

1.6. Goals

The Academy has set some goals for achieving its vision and mission successfully. These are as follows:

i. Human resource development of officers (grade-9 and above) under the MoA through training on diversified field of professional interest in agriculture sector
ii. Conduct research and development (R&D), adaptive research, demonstration to improve training efficacy;
iii. Provide publication and library service to facilitate quality training;
iv. Impart all sorts of in-service training with special emphasis on induction, foundation and senior staff course;
v. Help government and policy makers in framing and analyzing agricultural policies;
vi. organize seminar, workshop, symposium and conference on various issues of national and sectoral interest

1.7. Organogram of the Academy

Director General (DG) is the chief executive officer of the academy. There are 2 Directors, 12 Deputy Directors, 1 System Analyst, 1 Programmer, 17 Senior Assistant Directors, 1 Publication Officer, 1 Medical Officer, 1 Librarian, 1 Assistant maintenance Engineer, 1 Account Officer, 1 Administrative Officer and 45 support staffs. Two Directors assist DG in overall matters of the academy and oversee the activities of two Departments namely, (i) Department of Administration, Planning and Publication and (ii) Department of Training. Both Directors supervises Deputy Directors and other faculty members under 2 Departments.

Total proposed manpower of NATA is 184, but at present 74 officials are working. Different units under two departments are as follows:

1) **Department of Administration, Planning and Publications**
    - Administration and Support Services
    - Planning and Publications

2) **Department of Training**
    - Agronomy
    - Horticulture
    - Plant Pathology
    - Entomology
    - Soil Science
    - Genetics and Plant Breeding
    - Agricultural Extension and Rural Economy
    - Environment and Agroforestry
    - Agricultural Implements and Water Management and
    - Food Processing.

1.8. Importance of Training

Training brings desirable change in Behaviour and attitude and improves knowledge and develops skill. Skills and efficiency are two preconditions for development. Proper training can help to increase skills and efficiency of the officer. Modern technology increases the competitive ability of the organization and provides high quality services. Trained officers can properly utilize such technology. Adequate training of personnel in an organization can make the organization free from complexity and streamline simplicity. To ensure overall development of all sectors of an economy, training can play a significant role. In the era of globalization, the need of modern management tools and techniques cannot be exaggerated. In response to the current needs in the ever-changing world, government officers should serve the people with competency, sincerity and transparency. NATA attaches highest importance on moral teaching, as well as technical and technological capacity building which is the main goal and strategy of training. Participants become more motivated, responsive, efficient and competent after they go through these training. Training curricula is updated regularly to cope up with the changes in government policies and practices and as per need and demand of the stakeholders.

1.9. Training methods in the Academy

The academy is keen enough to maintain the appropriateness and effectiveness of training programs. Designs of both short and long term training courses are regularly improved and

tailored to meet the beneficiary institution's needs and goals. The methods followed are practice oriented rather than the theoretical discussions. Study tours arranged for the trainees to expose them to real practice in the field and society. There are some variations in the training method based on the nature and the purpose of the training course. With some exceptions, the Academy generally follows the following methods:

a. Lecture,
b. Participatory discussion,
c. Case study,
d. Role-play/Simulation,
e. Workshop/Seminar,
f. Field Visit,
g. Brain storming,
h. Individual and Group assignment,
i. Presentation of assignments
j. Games of various types.

NATA analyzes the training methods used by worldwide training academies and regularly updates training methods accordingly. The Academy is committed to maintain international standard.

1.10. Evaluation

Course Director and other faculty members are given responsibility to evaluate the participants. The course is evaluated during pre and post training situation within 100 marks. On the other hand the participants are also given chance to evaluate the faculties and guest speakers by using a prescribed format. The distribution of assessment marks is as follows:

Sl. no.	Parameters	Marks
a)	Individual Assignment / Exercise/Practical Test	80
b)	Class Attendance and Overall conduct and discipline	20
Total		**100**

1.12. Sessions

Everyday the session is started at 9.00 am in the morning and ends at 4:30 pm in the afternoon. There are two breaks started at 11.00 am and 12.30 pm for tea and lunch with prayer respectively. Participants are advised to attain the class in time without fail for avoiding any kinds of disciplinary action.

Daily Schedule

Activities	Duration
1st Session	09:00-10:00
2nd Session	10:00-11:00
Tea Break	11:00-11:30
3rd Session	11:30-12:30
Lunch and Prayer	12:30-01:30
4th Session	01:30-02:30
5th Session	02:30-03:30

1.13. Norms to be followed during the training

- No casual leave is allowed during training period.
- Participants living in the dormitory are advised to follow the norms of the dormitory.
- The campus area is a "Non Smoking Zone". Participants are advised to refrain from smoking inside the Academy.
- Participants are not allowed to enter the dormitory after 11:00pm at night.

1.14. Facilities

1.14.1. Physical Facilities

The Academy is well equipped with physical facilities in organizing training programs though it began its journey recently. Existing facilities of the academy are as follows.

- Office building-2
- Class room- 3
- Laboratory (Subject wise technical)
- Plant protection museum- 1
- Conference room- 1
- Auditorium-1
- Dormitory- 4
- Cafeteria- 1
- Greenhouse- 3
- Workshop-1

1.14.2. Digital Computer cum Language Lab. and IT facilities

There is one Digital Computer cum Language Lab in the Academy. It is located on the 1st floor of the Administrative building. IT facilities include LAN and Wi-Fi and the whole campus under Wi-Fi coverage. To expedite foreign language learning, NATA set up a Digital Computer cum Language Lab. as part of the Academy's drive for capacity building of government officials. Participants can avail the opportunity of learning the foreign language while they stay in NATA.

1.14.3 Recreational Facilities

The Academy has a recreation room with color T.V in the dormitory. The daily newspapers are available in recreation room for the participants.

1.15. Links with other Training Organizations

NATA maintains good relations with other training Academies in the country including BPATC, RPATC, BCS Administration Academy, BIAM and FIMA and so on. NATA has plan to collaborate with international training institutes for improvement its human resources. NATA also collaborate with national research organizations in research in agriculture sector.

Part-II

Title of the Manual: Rules & Regulations for Organizational Management

Rationale: Officers of different organization under Ministry of Agriculture need to develop their knowledge "Civil Case", "Different types of law" and Contemporary issues. This training program will provide advanced knowledge and skill on "Civil Case", "Different types of law" and Contemporary issues etc.

Aims:

1. To improve skills on filling and solving of different cases.
2. To increase knowledge on "Different types of law".
3. To solve the problems related to organizational management

Summary of the Manual:

The manual of Rules & Regulations for Organizational Management contains three modules. The modules are "Civil Case", "Different types of law" and Contemporary issues. The first modules are comprised with ten lessons, second module consists by seven lessons and last module has nine lessons. In total there are 26 lessons. All lessons have detailed lesson plan. Lesson sheets are attached after lesson plan where applicable. This manual will improve the skill and knowledge of participants and other relevant personnel on Civil Case, Different types of law and Contemporary issues etc. At a glance the summary of the manual is as follows:

Module No.	Title of the module	No. of Lesson
1	**Civil Case**	10
2	**Different types of law**	07
3	**Contemporary issues**	09

Module-01

Title : Civil Case

Objectives : To develop skill and knowledge on Civil Case so that participants can apply their Knowledge in respective fields.

Learning Outcomes : After completion of the module, participants will be able to:

1. identify problems of civil case
2. classify different type of problem
3. explore procedure of filing civil appeal
4. state the procedure of solving different types of problem about civil case

Reference	Lesson	Contents/Topics	Methods
14.1.1	1	Different type of civil cases/Suits in different courts and various stages of a case/Suit.	L, D and E
14.1.2	2	Procedure for institution of civil cases/Suits	L, D and E
14.1.3	3	Timing of appeal in different court and filing system of appeal	L, D and E
14.1.4	4	Discussion on procedure of filing cases/appeals before the Administrative Tribunal (AT) and Administrative Appellate Tribunal (AAT). Detail discussion on writ petitions	L, D and E
14.1.5	5	Civil petition for leave to appeal and procedure of filing civil appeal	L, D and E
14.1.6	6	Essential documents for review petition and its procedure	L, D and E
14.1.7	7	Drafting of written statements containing Para wise reply of the plaint and Memorandum of appeal and its valuation	L, D and E
14.1.8	8	Analysis to implement the SC Ruling 17BLC (AD) 91 and 18 MLR (AD) 372 for transfer project personnel to revenue head.	L, D and E
14.1.9	9	Preparation of written statements containing para wise reply of plaint and transmission thereof	L, D and E
14.1.10	10	Steps to be taken by the Government in cases filed in different civil courts	L, D and E

- L= Lecture, D= Discussion, E= Exercise

\

Lesson Plan

Lesson : **1** **Ref. No. 14.1.1**

Title : Different type of civil cases/Suits in different courts and various stages of a case/Suit

Target population : 9-grade and above officers of different organization under MoA.

Duration : 60 minutes

Aims : To teach participants about different type of civil cases/Suits in different courts and various stages of a case/Suit so that the participants can conceptualize civil cases/Suits.

Learning outcomes : At the end of the session the participants will be able to:

- state civil cases/suits;
- mention the key issues of civil cases/suits; and
- describe the different types of civil cases/suits and various stages of a case/suit

Content	Methods/ Techniques	Resources/ Aids	Time (Minute)
Introduction • Ice breaking (greetings) • Linkage with previous learning/experience • Pre-assessment (Q+A) • Topic: Different type of civil cases/Suits... • Importance: Selecton of appropriate/ suitable types of civil cases/suits for getting better and judicious judgement. • Outline of contents	Lecture/ Discussion/ Q+A		6
Development • Different types of civil cases/suits • Various stages of a case/suit • Motivation (energize) • Challenges • Check attention (wrong statement) • Feedback (Q+A)	Lecture, Exercise/ Practice/ Q+A		45
Conclusion • Assessment of LOs • Summarization by using KWs • Motivation (application of learning experience) • References • Forward planning	Discussion, Q+A		9
Equipment and Aids: Multimedia, White board, WB marker, Pointer, Duster etc. to be available in the classroom. **Behaviour/Performance** **Condition** **Criteria**			

বিভিন্ন আদালতের বিভিন্ন প্রকার মামলা

১) জেলা জজ আদালতে

দেওয়ানী মামলাঃ জেলা জজ আদালতে প্রথম দায়েরকৃত মামলা।

দেওয়ানী আপীলঃ জেলা জজ আদালতের মামলার রায়ের বিরুদ্ধে দেওয়ানী আপীল দায়ের করা হয়।

২) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশনঃ সাধারণতঃ মৌলিক অধিকার ক্ষুন্ন হলে বা রাষ্ট্রীয় কোন বিষয়ে সরাসরি রীট পিটিশন দায়ের করা হয়। সিভিল রিভিশন জেলা জজ আদালতের রায়ের বিরুদ্ধে সংক্ষুব্ধ হলে হাইকোর্ট বিভাগে যে মোক্দ্দমা দাযের করা হয়, তা সিভিল রিভিশন (সিআর) ।

ফার্ষ্ট আপীল (এফএ)ঃ নির্দিষ্ট পরিমান অর্থের অতিরিক্ত অর্থ জড়িত থাকলে দেওয়ানী আপীল জজকোর্টে দায়ের করা যায় না, যা হাইকোর্ট বিভাগে দায়ের করতে হয়।

৩) সুপ্রীম কোর্টের আপীল বিভাগ: হাইকোট বিভাগের কোন মোকাদ্দমায় সংক্ষুদ্ধ হলে সিভিল আপীলের অনুমতির জন্য সিভিল পিটিশন ফর লিভ টু আপীল (সিপি) দায়ের করতে হয় । সিপির শুনানীতে সিপি মঞ্জুর হলে সিএ দায়ের করতে হয়। উল্লেখিত রীট পিটিশন, সিপি, সিএ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুদ্ধ হলে একই মামলার বিরুদ্ধে রিভিউ পিটিশন দায়ের করা যায়।

(৪) প্রূশাসনিক ট্রাইব্যুনাল মোকদ্দমাঃ চাকুরি সংক্রান্ত বিষয়ে সংক্ষুব্ধ হলে সংশ্লিষ্ট বিভাগের প্রশাসনিক ট্রাইব্যুনালে উক্ত (এটি) মোকদ্দমা দায়ের করা হয়। অত:পর এটি মামলার বিপরীতে ঢাকায় অবস্থিত ১টি মাত্র প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে আপীল (এএটি) দায়ের করা হয়।

(খ) মামলার বিভিন্ন পর্যায় নিম্নরূপ:-

-আরজি দাখিল,

-সমন ইস্যু

-বিবাদীর উপস্থিতি ও জবাব দাখিল

প্রাথমিক শুনানী

-ইস্যু/রিচার্য বিষয় গঠন

-তদবীর/আবিস্কার, উদঘাটন ও স্বীকৃতি

-এসডি (Settling date)

-P.H (Peremptory Heaing/ চুড়ান্ত শুনানী

-যুক্তি তর্ক

-রায় ও ডিক্রী

-ডিস্কী জারি।

Different Types of Suits/Cases in Different Civil Courts and Various Stages of a Case

Relevant Law, The Code of Civil Procedure, 1908

Civil Rules and Order

The Civil Courts Act, 1887, The Family Courts Ordinance, 1985 The Money Loan Courts Act, 2003

The Specific Relief Act, 1877

Civil Courts

Court of District Judge Court of Additional District Judge

Court of Joint District Judge • Court of Senior Assistant Judge

• Assistant Judge Specialized Civil Courts

• Family Courts

• Money Loan Courts

• Bankruptcy Courts

• Labor Courts

• Administrative Tribunal

• Election Tribunal

• Village Courts

Jurisdiction of Civil Courts

• Pecuniary Jurisdiction and Territorial Jurisdiction

• Legal Jurisdiction- Section 9 of the Code of Civil Procedure

• Jurisdiction barred expressly

• Jurisdiction barred impliedly- formation of Election Tribunal

Different Types of Suits/Cases

1. Suit for declaration- Title, office, status

2. Suit for recovery of khas possession of land/ Section of 145 of CR.P.C

3. Suit for specific performance of contract

4. Suit for cancellation of instruments/deeds

5. Suit for partition of immovable property

6. Suit for perpetual injunction

7. Suit for recovery of money/loan

8. Suit for establishment of title along with recovery of possession

9. Preemption suit/cases 10. Suit for cooperative matters

11. Suit for labour matters

12. Suit for service matters

13. Suit for small causes-rent, eviction

14. Suit for family matters

Various Stages of a Case/Suit

• Institution of Suits

• Service of summons

• Appearance of the defendant/s

• Filing of written statement by the defendant/s

• ADR- Mediation

• Framing of issues

• Discovery and inspection

• Hearing of the suit and examination of witnesses and recording of evidence

• Argument

• Judgment and decree

• Execution of decree and orders

• Appeal, Section 96, Order 41, 43 of CPC

an appeal is the re-examination of the judgment and order of lower court by higher Court on point of law and fact.

• Review, Section 114, Order 47 of CPC

Review is the re-examination by the same Court.

• Revision, Section 115 of CPC

Revision is the examination of the judgment and order of the lower court by the higher court on point of law.

Procedure for Institution of Civil Suits/Cases

• A civil suit is to be instituted by the presentation of a plaint Section 26, Order IV of CPC

• A suit is considered to be a civil proceeding filed in a civil court

• If a proceeding does not commence on the presentation of a plaint, it is not a suit

• Plaint is considered to be a document by presentation of which in a civil court, a party (plaintiff) seeks relief from such court

• Particulars of the Plaint (Order VII, rule 1-6, 9 of CPC)

Plaint

• Examination of the plaint by the Sheristadar, rule 55 of CRO

• Return of plaint (Order VII, rule 10 of CPC)

For want of jurisdiction either pecuniary or territorial.

• Rejection of plaint (Order VII, rule 11 of CPC)

a. Where it does not disclose any cause of action;

b. When the relief claimed is undervalued and the plaintiff fails to correct the valuation within the time fixed by the court;

c. Where the plaint is insufficiently stamped and the plaintiff fails to put in requisite stamp papers within the time fixed by the court;

d. Where from the statement in the plaint the suit appears to be barred by any law; e. Where any provisions of rule 9(IA) is not complied with within the timefixed by the court.

Procedural Precondition to filing of suit against the Government or any Public officer in their official capacity

• Section 79: In a suit by or against Government, the authority to be named as plaintiff or defendant shall be Bangladesh

• Article 146 of the Constitution

• Section 80 of CPC : Service of notice

• The object is to give time to the Government at the highest level to reconsider the matter and to decide whether to contest the suit in case it is filed.

• Order XXVII: Other requirements

• Section 81: Exemption from arrest and personal appearance

• Section 82: Execution of decree

Steps to be taken by the Government in Cases filed in different Courts

• Reference to the Government before answering the Plaint:

Order XXVII, rule 7

• Appearance through Government Pleader (GP)/Departmental Lawyer

• Filing written statement /objection

• Active participation to the trial proceeding

• Production of witness and evidence

• Taking follow-up at every stage of the case

Lesson Plan

Lesson : **2** **Ref. No.14.1.2**

Title : Procedure for institution of civil cases/Suits
Target population : 9-grade and above officers of different organization under MoA.
Duration : 60 minutes
Aims : To teach participants about Procedure for institution of civil cases/Suits so that the participants can drafting different types of civil cases/suits in the real job situation.
Learning outcomes : At the end of the session the participants will be able to:

- mention names of different types of civil cases;
- state the procedure of civil case;
- describe the civil case; and
- procedure of civil cases.

Content	Methods/ Techniques	Resources /Aids	Time (Minutes)
Introduction: • Ice breaking (greetings) • Linkage with previous learning//experience • Pre-assessment (Q+A) • Topic: Procedure for institution of civil cases/Suits • Importance: Gain knowledge and exposure of institution of civil cases/suits for getting better judgement • Outline of contents	Lecture/ Discussion/ Q+A		6
Development: • Definition of civil cases/Suits • Procedure for institution of civil cases/Suits • Practice of institution of civil cases/suits • Motivation (energize) • Check attention (wrong statement) • Feedback (Q+A)	Lecture, Exercise/ Practice/ Demonstration Q+A		45
Conclusion: • Assessment of LOs • Summarization by using KWs • Motivation (application of learning) • References • Forward planning	Discussion, Q+A		9
Equipment and Aids: Multimedia, White board, WB marker, Pointer, Duster etc. to be available in the class room. **Behaviour/Performance** **Condition** **Criteria**			

কোনো বিচারপ্রার্থী জেলা জজ আদালতের রায়ে অসন্তোষ্ট হলে তিনি ন্যায় বিচারের আশায় উচ্চ আদালতে মামলা পরিচালনা করতে পারেন । এ ছাড়া কোনো ব্যক্তি আগাম জামিন, অন্তর্বর্তীকালীন জামিন, রিট মামলা এবং জনস্বার্থে যেকোনো বিষয়ে উচ্চ আদালতে মামলা দায়ের করা যায়। বাংলাদেশের বিচার ব্যবস্থায় সুপ্রিম কোর্টই হচ্ছে সর্বোচ্চ আদালত। উচ্চ আদালতে মামলা নিষ্পত্তির পরপর তা বাস্তবায়ন হয়ে যায়। সুপ্রিম কোর্টের দুটি শাখা রয়েছে । একটি হাইকোর্ট বিভাগ এবং অপরটি আপিল বিভাগ । অনেক দেশে সুপ্রিম কোর্টের পরও ব্রিটেনের প্রিভি কাউন্সিলে আপীল করার সুযোগ রয়েছে। তবে বাংলাদেশে এখন সেই ব্যবস্থা নেই। পাশের দেশ ভারতে একাধিক হাইকোর্ট থাকলেও বাংলাদেশে হাইকোর্ট একটি। হাইকোর্ট বিভাগ এবং আপিল বিভাগ দুটো একই এলাকায় অবস্থিত।

যেসব বিষয়ে হাইকোর্টে মামলা হয়

সাধারণত জেলা জজ আদালতে বিচার প্রক্রিয়া শেষ হলে তার পরে হাইকোর্ট বা উচ্চ আদালতে আপিল করা যায়। এ ছাড়া নিম্ন আদালতে কোনো ব্যক্তির মৃত্যুদণ্ডাদেশ হলে তা বাস্তবায়নে সরকার পক্ষ হাইকোর্টের অনুমোদনের জন্য আসতে পারে। আবার নিম্ন আদালতে চলমান বিচার প্রক্রিয়ার বিরুদ্ধে আপত্তি জানিয়েও উচ্চ আদালতে মামলা দায়ের করা যায়। এ ছাড়া কিছু কিছু বিষয়ে হাইকোর্ট কোনো নির্দিষ্ট মামলার ব্যাপারে নিম্ন আদালতকে নির্দেশনা দেন, আবার অনেক ক্ষেত্রে মামলাটিকে উচ্চ আদালতে নিয়ে আসেন। কিছু কিছু মামলা আছে যেগুলোতে সরাসরি হাইকোর্টে যেতে হয়, যেমন : কোম্পানি সংক্রান্ত মামলা, খ্রিস্টান বিবাহ সংক্রান্ত মামলা, এডমিরালিটি বা সমুদ্রগামী জাহাজ সংক্রান্ত মামলা। হাইকোর্টের মোট ৩৩টি বেঞ্চ রয়েছে। তন্মধ্যে বেশির ভাগই দ্বৈত বেঞ্চ। কয়েকটি একক বেঞ্চও রয়েছে। এসব বিচারকক্ষে বিচার সম্পন্ন হয়।

রিট

কোনো নাগরিক জনস্বার্থ বা ব্যক্তিগত বিষয়ে বা সরকারি-বেসরকারি কোনো সিদ্ধান্তে অসন্তোষ্ট হলে সংবিধানের ১০২ ধারা অনুসারে তিনি রিট দায়ের করতে পারেন। রিটের বিষয়টি মামলার মতো হলেও দুটির মধ্যে মৌলিক কিছু পার্থক্য রয়েছে। কেউ যদি মনে করে সরকারের প্রণীত কোনো আইন প্রচলিত অন্য আইনের পরিপন্থী বা সংবিধানের সাথে সাংঘর্ষিক, সে ক্ষেত্রেও আইনটিকে চ্যালেঞ্জ করে রিট করা যায়। অবশ্য কিছু ক্ষেত্র রয়েছে যেখানে রিট এবং সাধারণ মামলা দুটিই করা চলে। রিটে খরচ কিছুটা বেশি হলেও সাধারণত দ্রুত নিষ্পত্তি হয়।

আগাম জামিন

কোনো মামলায় জেলা জজ আদালত জামিন দিতে অস্বীকার করলে এর বিরুদ্ধে হাইকোর্ট বা উচ্চ আদালতে আবেদন করলে আদালত জামিনের নির্দেশ দিতে পারেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট মামলাটি নিম্ন আদালতে চলতে থাকে, যদিও অভিযুক্ত ব্যক্তি জামিনে বেরিয়ে আসার সুযোগ পান। সাধারণত বিশিষ্ট ব্যক্তিরা আগাম জামিনের সুবিধা পান। যদি কেউ আশঙ্কা করেন যে তাঁর বিরুদ্ধে হয়রানিমূলক মামলা হতে পারে, তবে তিনি আগে থেকেই হাইকোর্টে আগাম জামিনের আবেদন করতে পারেন। হাইকোর্ট গুরুত্ব বুঝে আগাম জামিনের নির্দেশ দিতে পারেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে মামলা করা গেলেও ওই মামলায় তাঁকে গ্রেপ্তার করা যায় না।

অন্তর্বর্তীকালীন জামিন

কোনো ব্যক্তি যেকোনো মামলায় গ্রেপ্তার হওয়ার পর নিম্ন আদালতে জামিনের আবেদন করতে পারেন। নিম্ন আদালত জামিন না দিলে সে ক্ষেত্রে তিনি হাইকোর্টবে জামিন চাইতে পারেন। হাইকোর্ট জামিন আবেদন বাতিল করলে তিনি আপিল বিভাগে জামিন চাইতে পারেন। ন্মিম্ন আদালত থেকে আপিল বিভাগ পর্যন্ত মামলার কয়েকটি স্তর। তবে আপিল বিভাগের রায় চূড়ান্ত।
কারা মামলা করতে পারেন

বাংলাদেশের সব আদালতে বিচার প্রার্থী ইচ্ছে করলে নিজের মামলা নিজে পরিচালনা করতে পারেন। আইনজীবীর সাহায্য নেওয়া বাধ্যতামূলক নয়। তবে আইনগত দিক বুঝে আত্মপক্ষ সমর্থন বা নিজের বক্তব্য তুলে ধরতে আইনজীবীর সাহায্য নেওয়া প্রয়োজন। সাধারণত বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক যেসব আইনজীবী উচ্চ আদালতে মামলা পরিচালনার জন্য তালিকাভুক্ত হয়েছেন, শুধু তাঁরাই উচ্চ আদালতে মামলা পরিচালনা করতে পারেন।

চেম্বার জজ

হাইকোর্ট ও আপিল বিভাগের মধ্যবর্তী সেতু হলো চেম্বার জজ আদালত। কোনো মামলা হাইকোর্টে নিষ্পত্তি হওয়ার পর আপিল করতে হলে প্রথমে চেম্বার জজ আদালতে আবেদন করতে হয় । এ ছাড়া আপিল বিভাগ ছুটিতে থাকাকালীন জরুরি বিষয়ে নিষ্পত্তির জন্য প্রধান বিচারপতি আপিল বিভাগের একজন বিচারককে চেম্বার জজ হিসেবে নিয়োগ প্রদান করেন। তিনি আবেদনকারীর আবেদন বিবেচনা করে প্রয়োজনে নির্দেশ দেন, কিংবা নিয়মিত বেঞ্চে শুনানির জন্য বিষয়টি পাঠিয়ে দেন। তিনি অফিস সময়ের বাইরেও আবেদন শুনতে পারেন, এমকি বাসায়ও আবেদন বিবেচনা করে রায় দিতে পারেন। তবে দেরি করলে আবেদনকারীর ক্ষতি হতে পারে কেবল এমন আবেদনই তিনি বিবেচনা করেন।

আপিল বিভাগ

হাইকোর্ট বিভাগে মামলা নিষ্পত্তির পর কোনো পক্ষ অসন্তোষ্ট হলে তিনি আপিল বিভাগে আবেদন করতে পারবেন। বাংলাদেশে আপিল বিভাগের রায় চূড়ান্ত রায়। তবে কোনো ব্যক্তি আপিল বিভাগের রায়ে অসন্তোষ্ট হলে একই বিভাগে পুনরায় রায়টি পুনর্বিবেচনার আবেদন করতে পারেন। যাকে আমরা রিভিউ হিসেবে জানি। বর্তমানে আপিল বিভাগে দুটি বেঞ্চ রয়েছে।

প্রশাসনিক ট্রাইব্যুনাল

প্রশাসনিক ট্রাইব্যুনাল প্রজাতন্ত্রের কোন বিষয় অথবা কোন সংবিধিবদ্ধ সংস্থায় উদ্ভূত বিষয় নিষ্পত্তি বা বিচারের দায়িত্বপ্রাপ্ত সালিস-সভা। একদিকে রাষ্ট্রের নির্বাহী প্রতিষ্ঠান ও আমলাদের এবং অন্যদিকে বেসরকারি সংস্থা ও নাগরিকদের মধ্যকার সৃষ্ট বিরোধ প্রশাসনিকভাবে বিচার-নিষ্পত্তির অনুশীলনের ধারণা থেকেই প্রশাসনিক ট্রাইব্যুনালের উদ্ভব। ১৯৪৭ সালের ক্রাউন প্রসিডিংস অ্যাক্ট-এর ভিত্তিতেই ব্রিটিশ আমলে প্রশাসনিক ট্রাইব্যুনাল গড়ে উঠেছিল। এ সব ট্রাইব্যুনালের আওতায় ছিল সাধারণত কতিপয় সুনির্দিষ্ট বিষয়, যেমন সামাজিক নিরাপত্তা, শিশুসদনের নিবন্ধন, স্থানীয় করব্যবস্থা ইত্যাদি। যুক্তরাষ্ট্রেও বিরোধ নিস্পত্তির জন্য বিশেষ কমিশন রয়েছে, যেমন ইন্টার-স্টেট কমার্স কমিশন, ফেডারেল ট্রেড কমিশন ইত্যাদি। ফ্রান্সেই রয়েছে সবচেয়ে শক্তিশালী ধরনের প্রশাসনিক ট্রাইব্যুনাল। একে বলা হয় কাউন্সিল অব স্টেট সিস্টেম। বিভিন্ন দেশে ভিন্ন ভিন্ন নামে প্রশাসনিক ট্রাইব্যুনাল বিদ্যমান।

বাংলাদেশ সংবিধানের ১১৭ অনুচ্ছেদে প্রশাসনিক ট্রাইব্যুনালের বিধান রাখা হয়েছে। অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনালস অ্যাক্ট ১৯৮০ (১৯৮১ সালের অ্যাক্ট-৭) বলে বাংলাদেশে প্রশাসনিক ট্রাইব্যুনাল গঠিত হয়। এ আইনের সুনির্দিষ্ট লক্ষ্য হলো প্রজাতন্ত্রের চাকুরিতে নিয়োজিত ব্যক্তির চাকুরির শর্ত সম্পর্কিত বিষয়ে বিচারের জন্য ট্রাইব্যুনাল গঠন করা। এ আইনে বলা হয়েছে, সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ দানের দিন থেকে এই ট্রাইব্যুনাল কার্যকর হবে। এ চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে সরকার বিজ্ঞপ্তির মাধ্যমে ঘোষণা দেয় যে, ১৯৮১ সালের ১ ফেব্রুয়ারি থেকে প্রশাসনিক ট্রাইব্যুনাল সম্পর্কিত আইন কার্যকর হবে। এ আইনে আরও বলা হয় যে, যখন সরকার এক বা একাধিক প্রশাসনিক ট্রাইব্যুনাল গঠন করবে, তখন প্রত্যেকটি ট্রাইব্যুনালের সুনির্দিষ্ট আওতা নির্ধারণ করে দিতে হবে। এক সদস্যবিশিষ্ট এই ট্রাইব্যুনালের সদস্য সরকার কর্তৃক জেলা জজদের মধ্য থেকে নিয়োগপ্রাপ্ত হবেন। ট্রাইব্যুনালের সদস্যের নিয়োগের শর্তাবলি সরকার কর্তৃক নির্ধারিত হবে।

প্রজাতন্ত্রের চাকুরিতে নিয়োজিত কোন ব্যক্তির চাকুরির শর্তাবলি পেনশনের অধিকার সংক্রান্ত আবেদন গ্রহণ ও তৎসম্পর্কে সিদ্ধান্ত দেওয়ার সুস্পষ্ট এখতিয়ার প্রশাসনিক ট্রাইব্যুনালের রয়েছে। প্রজাতন্ত্রের চাকুরিতে নিয়োজিত কোনো ব্যাক্তি সম্পর্কে তার কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যেকোন পদক্ষেপের বিরুদ্ধে তার আবেদনও ট্রাইব্যুনাল বিবেচনা করতে পারে। অবশ্য আইনি শর্ত হলো,

আবেদনকারীকে তার সম্পর্কে গৃহীত যেকোন ব্যবস্থা বা আদেশে সংক্ষুব্ধ ব্যক্তি হতে হবে। সংক্ষুদ্ধ ব্যক্তির উর্ধ্বতন কোন প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থা বা আদেশ বাতিল, পরিবর্তন বা সংশোধনের সুযোগ থাকলে সেক্ষেত্রে বিষয়টি সম্পর্কে উর্ধ্বতন কর্তৃপক্ষ কোন সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক এ ধরনের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। প্রশাসনিক ট্রাইব্যুনালে এ ধরনের অভিযোগের প্রতিকার চেয়ে আবেদন করার সময়সীমাও বেঁধে দেওয়া আছে। যথার্থ প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক কোন ব্যবস্থা বা আদেশ প্রদানের তারিখ থেকে ৬ মাস পর্যন্ত এ সময়সীমা নির্ধারিত। জানা যায়, ২০০৭-০৮ সালের তত্ত্বাবধায়ক সরকার একটি সংশোধনীর মাধ্যমে ছয় মাসের এ সময়সীমা নির্ধারণ করেন। এই সংশোধনী এখনো জাতীয় সংসদে অনুমোদিত হয় নি। এ আইনে প্রজাতন্ত্রের চাকুরিতে নিয়োজিত ব্যক্তিকে সংজ্ঞায়িত করা হয়েছে, যিনি চাকুরিতে কর্মরত রয়েছেন বা অবসর নিয়েছেন অথবা অন্য কোনভাবে চাকুরি থেকে বরখাস্ত, অপসারিত বা পদচ্যুত হয়েছেন। প্রতিরক্ষা বিভাগের চাকুরিতে কর্মরত ব্যক্তির ক্ষেত্রে এ সংজ্ঞা প্রযোজ্য নয়।

এডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল আক্টে একটি প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালেরও বিধান রাখা হয়েছে। সরকার কর্তৃক নিয়োগকৃত একজন চেয়ারম্যান ও অপর দুজন সদস্য নিয়ে আপীল ট্রাইব্যুনাল গঠিত হবে। নিয়োগের জন্য চেয়ারম্যান ও সদস্যদের যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পর্কেও এ আইনে বলা হয়েছে। চেয়ারম্যান হবেন এমন এক ব্যক্তি যিনি সুপ্রিম কোর্টের বিচারক বা বিচারক হওয়ার যোগ্য অথবা প্রজাতন্ত্রে কর্মরত এমন একজন কর্মকর্তা যার পদমর্যাদা সরকারের অতিরিক্ত সচিবের নিচে নয়। অপর দুজন সদস্যের মধ্যে একজন হবেন এমন ব্যক্তি যিনি প্রজাতন্ত্রের চাকুরিতে নিয়োজিত এবং যার পদমর্যাদা যুগ্মসচিবের নিচে নয়। অপর সদস্য হবেন একজন জেলা জজ। নিয়োগের শর্তাবলি সরকার কর্তৃক নির্ধারিত হবে। প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রতিষ্ঠা করতে হবে। আপীল ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা করে গেজেট বিজ্ঞপ্তি জারি করা হয় ১৯৮৩ সালের ২২ আগস্ট।

প্রশাসনিক ট্রাইব্যুনালের কোন আদেশ বা সিদ্ধান্ত সম্পর্কে আপীল শুনানী এবং সিদ্ধান্ত প্রদানের বিষয় আপীল ট্রাইব্যুনালের এখতিয়ারভুক্ত। কোন ব্যক্তি প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত যেকোন আদেশ বা সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে এ ধরনের আদেশ বা সিদ্ধান্ত দেওয়ার দিন থেকে পরবর্তী দু'মাসের মধ্যে আপীল দাখিল করার সুযোগ পাবেন। আপীল ট্রাইব্যুনাল প্রশাসনিক ট্রাইব্যুনালের যেকোন আদেশ বা সিদ্ধান্ত বহাল রাখা, বাতিল, দ্বিমত পোষণ অথবা পরিবর্তন করতে পারেন। আপীল ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত আদেশই চূড়ান্ত বলে গণ্য হবে। ট্রাইব্যুনালের ক্ষমতা ও কার্যপ্রণালীও এ আইনে লিপিবদ্ধ করা হয়েছে। ট্রাইব্যুনালের সকল কার্যবিবরণী বিচার বিভাগীয় কার্যপ্রণালী হিসেবে বিবেচিত হবে।

প্রশাসনিক ট্রাইব্যুনালের এক্তিয়ার এবং হাইকোর্টের রীটের এক্তিয়ারের মধ্যকার পার্থক্য সুস্পষ্ট নয়। প্রজাতন্ত্রের চাকুরিতে নিয়োজিত কর্মচারীদের চাকুরির শর্তাবলি সম্পর্কিত বহু মামলা হাইকোর্টে রুজু করা হচ্ছে। সুনির্দিষ্ট সাংবিধানিক অধিকার লঙ্ঘনের ভিত্তিতে এসব অভিযোগ দায়ের করা হয়।

বর্তমানে দুটি প্রশাসনিক ট্রাইব্যুনাল রয়েছে, একটি ঢাকায় এবং অপরটি বগুড়ায়। এছাড়া আরও কিছু ট্রাইব্যুনাল ও বিশেষ কমিশন রয়েছে, যেমন ইনকাম ট্যাক্স ট্রাইব্যুনাল, সিকিউরিটিস একচেঞ্জ কমিশন এবং ট্যাক্সেস সেটেলমেন্ট কমিশন। এছাড়াও করদাতাদের আপত্তি নিষ্পত্তির জন্য রয়েছেন পৃথক ন্যায়পাল।

দেওয়ানী মামলার বিভিন্ন পর্যায়, রীট মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা, রিভিউ, রিভিশন, সিপিএলএ, আপীল, কনটেম্প মামলা ইত্যাদি

ড. মোঃ আখতারুজ্জামান।
অতিরিক্ত মহানগর দায়রা জজ, ঢাকা।

দেওয়ানী মামলা কী?

যে সমস্ত মামলায় সম্পত্তির অধিকার বা পদের মর্যাদা যুক্ত থাকে উহাই দেওয়ানী মামলা নামে পরিচিত (ধারা-৯, দেওয়ানী কার্যবিধি)

দেওয়ানী মামলার বিভিন্ন পর্যায় (Different stages of a civil suit from filing to disposal)

আরজি দাখিল (ধারা-২৬, অর্ডার-৭)

সমন ইস্যু (অডার-৫)

বিবাদীর উপস্থিতি ও জবাব দাখিল (অর্ডার-৮)

ADR শুনানী (ধারা-৮৯এ)

ইস্যু /বিচার্য বিষয় গঠণ (অর্ডার-১৪)

৩০ ধারার তদবীর/আবিষ্কার, উদঘাটন ও স্বীকৃতি (ধারা-৩০, আদেশ-১১ ও ধারা-৩২)

এস. ডি (Settling Date)

P.H (Peremptory Hearing)/চূড়ান্ত শুনানী (অডার-১৮)

যুক্তিতর্ক (রুল-১২৯, Civil Rules and Orders, Vol. I)

রায় ও ডিক্রী (অডার-২০);

ডিক্রী জারী (Execution of Decree)

রীট: Writ is a written order passed by the superior courts. রীট । বলতে মৌলিক অধিকারের এমন এক রক্ষাকবচকে বুঝায় যার ফলে একজন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে হাইকোর্ট বিভাগ সরকারি কিংবা স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারীদিগকে আইন বিরুদ্ধ কাজ করতে নিষেধ করে থাকে। রীট এক প্রকার মৌলিক অধিকার। নাগরিকদের অধিকারে প্রশাসনের অন্যায়, অযথা ও অবৈধ হস্তক্ষেপের প্রতিকার স্বরুপ আদালতে রীট আবেদন করা হয়।

আমাদের দেশের সংবিধানের ১০২ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে হাইকোর্ট বিভাগ রীট সংক্রান্ত বিষয়ে ব্যাপক ক্ষমতা ভাোগ করে থাকে। রীট পাঁচ প্রকারের হয়, যথাঃ

(১) Writ of Habeas Corpus: কোন ব্যক্তিকে প্রশাসনিক আদেশবলে বা বেআইনীভাবে আটক করা হলে হাই কোর্ট বিভাগ এই আটকাদেশের বৈধতার প্রশ্ন উপস্থাপনের জন্য বন্দীকে আদালতের সামনে হাজির করে আটককারীকে তার আটকাদেশের কারণ দর্শানোর আদেশ দেয়া এবং এই আটকাদেশের যুক্তিসংগত কোন কারণ না থাকলে বন্দীকে মুক্তি দেয়ার আদেশ দানের বিধানকে বন্দী প্রদর্শন রীট বা Writ of Habeas corpus বলা হয়। আটককৃত ব্যক্তি বা বন্দীর আটকাদেশের বৈধতা বিচার করাই হলো এই প্রকার রীটের অন্যতম উদ্দেশ্য। নিম্নোক্ত ক্ষেত্রে সমূহে আটকাদেশ অবৈধ হওয়ার কারণে Habeas corpus রীট জারী হয়ে থাকেঃ

(১) যে আইন বলে আটকাদেশ দেয়া হয়, তা যদি এমন কোন অধঃস্তন আইন হয় এবং উহা যদি বিধি বহির্ভূত (ultra vires) হয় অথবা অন্য কোন ভাবে অবৈধ হয়; অতিরিক্ত ক্ষমতার্পণের দ্বারাও ইহা হতে পারে।

(২) যে আইনের অধীনে আটকাদেশ দেয়া হয়েছে তা যদি অসাংবিধানিক হয়;

(৩) যে কর্তৃপক্ষ আটকাদেশটি প্রদান করে, তা যদি সুসংগঠিত না হয় অথবা আদেশটি যদি উহার এখতিয়ার বহির্ভূত হয়;

(৪) যখন আদেশটি মূল আইনের বহির্ভূত (ultra vires) হয় অথবা যে ক্ষমতার বলে আদেশটি প্রদত্ত হয়, তা অসৎ উদ্দেশ্য বা Malafide এর দোষে দুষ্ট হয়;

৫) কর্তৃপক্ষ যে প্রতিনিধিকে আটকাদেশ প্রদানের ক্ষমতার্পন করতে পারেন না, তিনিই যদি আটকাদেশ প্রদান করেন;

(৬) যে যে কারণের উপর ভিত্তি করে আটকাদেশ প্রদত্ত হয় তা যদি অবৈধ বা অপ্রাসঙ্গিক হয়,

(৭) যদি মূল আইনটি বৈধ হওয়া সত্বেও আদেশটি কোন ভাবে সংবিধানের কোন শর্তকে ক্ষুন্ন করে,

(৮) যদি আটকাদেশ এমন কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত হয়, যার উহা প্রদানের কোন বৈধ এখতিয়ার নেই।

এই রীট মঞ্জুরের জন্য তিনটি মৌলিক প্রশ্ন বিবেচনা করা হয় যথাঃ

(ক) অভিযোগের বিষয়ে আবেদনকারীর ব্যক্তিগত স্বার্থ আছে কিনা? ইহাকে locus standi বলে।

(খ) ঋভিযোগের বিষয়টি যথার্থ কিনা? ও

(গ) যথাসময়ে অভিযোগটি উত্থাপিত হয়েছে কিনা?

(২) Writ of Mandamus (হুকুম জারী রীট): ল্যাটিন শব্দ "Mandamus" অর্থ "আমরা হুকুম করছি"। এই রীটের উদ্দেশ্য হলো কোন ব্যক্তি বা সংস্থার প্রতি হুকুম জারী করে তাকে কোন কার্য সম্পাদনের দাবী জানানো। কোন ব্যক্তি, করপোরেশন, অধঃস্তন আদালত, প্রশাসনিক সংস্থা, ট্রাইব্যুনাল ইত্যাদির উপর যে নির্দিষ্ট কার্যাবলী সম্পাদনের দায়িত্ব ন্যস্ত থাকে, তা সঠিকভাবে পালিত না হলে উহার যথাযথ সম্পাদনার জন্য mandamus রীট এর মাধ্যমে উহাদের উপর হুকুম জারী করা সম্ভব। সাধারণতঃ প্রশাসনকে তার যথাযথ দায়িত্ব পালনে বাধ্য করার জন্য এই রীটই হচ্ছে বিশেষ কার্যকরী প্রতিকার। এই রীটের মাধ্যমে শুধুমাত্র "কি করতে হবে তার জন্যই আদেশ প্রদান করা হয় কিন্তু কিভাবে করতে হবে সে বিষয়ে ইহা দ্বারা কোন নির্দেশ প্রদত্ত হয় না।

কখন জারী করা হয়ঃ

(১) দরখাস্তকারীকে দেখাতে হবে যে, কোন ব্যক্তি বা সংস্থার প্রতি কোন দায়িত্ব পালন করার জন্য তার অধিকার রয়েছে। তবে Writ of mandamus দ্বারা কোন কর্তৃপক্ষের বিবেচনা নির্ভর ক্ষমতায় হস্তক্ষেপ করা যাবে না।

(২) এরুপ সরকারি দায়িত্ব পালনের জন্য দাবী জানানোর অধিকার যে প্রার্থনাকারীর আছে তা অবশ্যই দেখাতে হবে।

(৩) দরখাস্তকারীকে উক্ত অধিকার দরখাস্ত করার দিন পর্যন্ত বিদ্যমান থাকতে হবে।

(৪) দরখাস্তকারীকে দেখাতে হবে যে, তিনি ইতোমধ্যে নির্দিষ্ট কার্যটি সম্পাদনের জন্য দাবী জানিয়েছিলেন কিন্তু কর্তৃপক্ষ উহা প্রত্যাখ্যান করেছেন।

(৫) প্রর্থনাকারীকে দেখাতে হবে যে, রীট আবেদন করা ছাড়া এ ক্ষেত্রে অন্য কোন কার্যকরী বিকল্প প্রতিকার নেই।

(৩) Writ of Prohibition: ইহা বিচার বিভাগীয় রীট। ইহা দ্বারা কোন কোর্ট বা ট্রাইব্যুনালকে অবৈধ এখতিয়ার প্রয়োগ করতে নিষেধ করা হয়। বিচার বিভাগীয় বা আধাবিচার বিভাগীয় সংস্থা কর্তৃক অতিরিক্ত ক্ষমতার ব্যবহার নিষিদ্ধ করাই এই প্রকার রীটের অন্যতম উদ্দেশ্য। এই রীটের মাধ্যমে কোর্ট বা ট্রাইব্যুনালে বিচারাধীন কোন মামলার বিচার কার্যক্রম চালিয়ে যাওয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারী হতে পারে। নিম্নের শর্ত সমূহ পূরণ করেই এই রীট জারী করা হয়:

(ক) অধঃস্তন আদালত বা ট্রাইব্যুনাল ক্ষমতার বাইরে গিয়ে কার্য পরিচালনা করলে বা কার্য পরিচালনায় অতিরিক্ত ক্ষমতা ব্যবহার করলে,

(খ) Principles of Natural Justice কে লংঘন করলে।

(গ) কার্য পরিচালনার ক্ষেত্রে অনুসৃত নীতিটি বিধি বহির্ভূত হলে বা অসাংবিধানিক হলে,

(ঘ) কার্যক্রম মৌলিক অধিকারের পরিপন্থী হলে।

(৪) Writ of Certiorari প্রতিকারের চেয়ে প্রতিরাধ উত্তম। ক্ষমতা বহির্ভূত কার্য প্রতিরাধ করার জন্য certiorari জারী করা হয় কিন্তু যদি বিধি বহির্ভূত অবাঞ্চিত কাজটি হয়েই যায়, তবে তার আইনগত পরিণতি মোচন করার জন্য উৎপ্রেষণ রীট জারী করা হয়। এক্ষেত্রে অধঃস্তন আদালত থেকে উহার কার্যক্রম সংক্রান্ত কাগজপত্র, ফাইল ও রেকর্ড সমূহ উচ্চ আদালতে তলব করা হয় এবং পুঃখানুপুঃখ রুপে উহাদের বৈধতার বিচার করা হয়। অবৈধ প্রমাণিত হলে উৎপ্রেষণ রীট জারী করা হয়। দুটি উদ্দেশ্যে উৎপ্রেষণ রীট জারী করা হয়। যথাঃ

(ক) অধঃস্তন আদালতের সিদ্ধান্তকে বিলুপ্ত বা নাকচ করার জন্য, অথবা

(খ) কোন ট্রাইব্যুনাল বা কোন অধঃস্তন আদালত থেকে কোন মামলা হাইকোর্ট বিভাগগে স্থানান্তর করার জন্য; নিম্নোক্ত পরিস্থিতিতে উৎপ্রেষণ রীট মঞ্জুর করা হয়

(১) যে এখতিয়ার প্রয়োগের ক্ষমতা অধঃস্তন আদালতের বা ট্রাইব্যুনালের নেই অথচ সেরুপ এখতিয়ার যদি প্রয়োগ করা হয়ে থাকে;

(ক) যে বিধিবদ্ধ শর্ত সাপেক্ষে উক্ত এখতিয়ার প্রয়োগ করা হয়, তা যদি সংবিধানের বিধি বহির্ভূত হয়;

(খ) বিচারিক কার্যক্রমের বিষয়বস্তুর প্রকৃতিই যদি এখতিয়ার বিহীনতা সৃষ্টি করে;

(গ) কতিপয় প্রাথমিক বিষয়াদীর অনুপস্থিতির কারণে যদি এখতিয়ার বিহীনতা সৃষ্টি হয়;

(ঘ) ট্রাইব্যুনালের অবৈধ গঠন তন্ত্রের জন্যও এমন হতে পারে।

(২) ক্ষমতা প্রয়োগে অপব্যবহার হলে;

(৩) অধঃস্তন আদালত, ট্রাইব্যুনাল অথবা কোন সংস্থা বেআইনী কাজ করলে এবং স্বাভাবিক ন্যায়বিচারের নীতিসমূহকে লংঘন করলে,

(৪) রেকর্ডে দৃষ্ট হয় এরুপ আইনের ভুল সংশোধনের উদ্দেশ্যে।

এই রীট বিচার বিভাগীয় বা আধাবিভাগীয় কার্যক্রমের বিরুদ্ধে জারী হয়ে থাকে কিন্ত বাংলাদেশ ও পাকিস্তানে এই রীট প্রশাসনিক ও বিচার বিভাগীয় উভয় ক্ষেত্রেই মঞ্জুর করা হয়।

(৪) Writ of Quo-warranto: অবৈধভাবে কেহ যদি কোন অফিসে কার্যরত থাকে অথবা কোন অফিসের কোন পদ দখল করে থাকে, তবে তার বিরুদ্ধে কারণ দর্শাও রীট" বা Writ of Quo-warranto জারী করা হয়। ইহার জন্য নিম্নোক্ত শর্ত সমূহের প্রয়োজন হয়

(১) অফিসটি অবশ্যই সরকারি হতে হবে;

(২) ঐ অফিসটি বিধিবদ্ধ আইন বা সংবিধান দ্বারা সৃষ্ট হতে হবে;

(৩) দায়বদ্ধ ব্যক্তিকে অবশ্যই অফিসার বলে অনুমতি হতে হবে;

(৪) দায়বদ্ধ ব্যক্তিকে অফিসের নির্দিষ্ট পদ দখলের জন্য অযোগ্য হতে হবে অথবা উক্ত ব্যক্তি আইনানুগভাবে নিযুক্ত নন, এমন হতে হবে।

(৫) বিপরীত পরিস্থিতির উদ্ভব না হলে দায়বদ্ধ ব্যক্তি উক্ত অফিস ছেড়ে যাবার পর

আর তার বিরুদ্ধে কারণ দর্শাও রীট জারী করা যাবে না। আমাদের দেশে এই রীটের কার্যকারীতা অন্যান্য রীটের সাথে যুক্ত। প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলাঃ ১৯৯০ সনের প্রশাসনিক ট্রাইব্যুনাল আইনের ৪(১) ধারায় এরুপ মামলা এবং কোন আদালতে উহা দায়ের করতে হবে সে সম্বন্ধে বলা 26169 An Administrative Tribunal shall have exclusive jurisdiction to hear and determine applications made by any person in the service of the Republic or of any statutory public authority in respect of the terms and conditions of his service including pension rights, or in respect of any action taken in relation to him as a person in the service of the Republic or of any statutory public authority.

আবার ঐ ধারার (২) উপ-ধারায় উল্লেখ করা হয়েছে 'A person in the service of the Republic or of any statutory public authority may make an application to an Administrative Tribunal under sub-section (1), if he is aggrieved by any order or decision in respect of the terms and conditions of his service including pension rights or by any action taken in relation to him as a person in the service of the Republic or of any statutory public authority;

Provided that no application in respect of an order, decision or action which can be set aside, varied or modified by a higher administrative authority under any law for the time being in force relating to the terms

and conditions of the service of the Republic or of any statutory public authority or the discipline of that service can be made to the Administrative Tribunal until such higher authority has taken a decision on the matter;

Provided further that no such application shall be entertained by the Administrative Tribunal unless it is made within six months from the date of making or taking of the order, decision or action concerned or making of the decision on the matter by the higher administrative authority, as the case may be.

আপীলঃ নিম্ন আদালতের রায় ও ডিক্রী দ্বারা সংক্ষুব্ধ হয়ে উচ্চ আদালতে দরখাস্ত করাই আপীল। Appeal is the continuation of original suit/case. দেওয়ানী কার্যবিধির ৯৬ ধারা এবং ৪১ আদেশ অনুসারে আপীল করতে হয়।

রিভিশনঃ নিম্ন আদালত কেবলমাত্র আইনগত বিষয়ে ভুল করে কোন আদেশ প্রদান করলে ঐ আদেশ চ্যালেঞ্জ করে উচ্চ আদালতে আবেদন করাই রিভিশন নামে পরিচিত। ১৯০৮ সনের দেওয়ানী কার্যবিধির ১১৫ ধারা অনুসারে হাইকোর্ট বিভাগে এবং ১১৫(১) ধারা অনুসারে জেলা জজ আদালতে অনুরুপ দরখাস্ত করা যায়।

রিভিউঃ মামলা বিচারের সময় উপস্থাপন করা হয় নাই এমন কোন গুরুত্ব পূর্ণ বিষয় বা প্রমাণের অভাবে মামলায় হেরে গেলে এবং পরবর্তীতে অনুরুপ তথ্য বা প্রমান পাওয়া গেলে দেওয়ানী কার্যবিধির ১১৪ ধারা এবং ৪৭ আদেশ অনুসারে। একই আদালতে রিভিউ আবেদন করা যায়।

সিপিএলএঃ Civil Petition for Leave to Appeal. হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রচারিত কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ হওয়ার পর কোন ব্যক্তি সরাসরি আপীল বিভাগে কোন আপীল করতে পারে না। এজন্য তাকে প্রথমে বর্ণিতাকারে লীভ । পিটিশন দাখিল করে আপীল করার অনুমতি নিতে হয়। অনুরুপ অনুমতি পাওয়ার
পর আপীল বিভাগে নিয়মিত আপীল করা যায়।

আদালত অবমাননাঃ "আদালত অবমাননা" অর্থ দেওয়ানী বা ফৌজদারী । অবমাননা; "দেওয়ানী অবমাননা অর্থ ইচ্ছাকৃতভাবে কোন আদালতের রায়, ডিক্রী: নির্দেশনা আদেশ, রীট, বা কার্যক্রম অবমাননা অথবা আদালতের নিকট প্রদত্ত কোন অঙ্গীকারনামা ভঙ্গ করা। "ফৌজদারী অবমাননা অর্থ মৌখিক বা লিখিত, কোন শব্দ বা চিহ্ন দ্বারা, বা প্রদর্শনযোগ্য কোন কিছুর মাধ্যমে এমন কোন কিছু প্রকাশ করা অথবা এমন কোন কার্য করা যাহাতে -

(ক) কোন আদালতের কর্তৃত্বকে হেয় প্রতিপন্ন করা হয় বা হেয় প্রতিপন্ন করার অভিপ্রায় থাকে অথবা উহার কর্তৃত্ব সম্পর্কে অপপ্রচার করা হয় বা অপপ্রচার করা হয়েছে বা অপপ্রচারের অভিপ্রায় থাকে; বা

(খ) কোন বিচারিক কার্যধারা ক্ষুন্ন করা হয় অথবা উহাতে হস্তক্ষেপ করা হয় বা হস্তক্ষেপের অভিপ্রায় থাকে; বা

(গ) অন্য কোনভাবে চলমান বিচারিক কার্যধারার স্বাভাবিক গতিধারাকে বাধাগ্রস্ত করে বা হস্তক্ষেপ করে বা বাধাগ্রস্ত করার বা হস্তক্ষেপ করার অভিপ্রায় থাকে (ধারা
